



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2017

বাংলা - সাম্মানিক

ষষ্ঠ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রাতিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে। পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব
শব্দসীমার মধ্যে উত্তর করিবেন।

১. শশী অন্তর্মুখী চরিত্র – তার মনের সঙ্গে বহিঃপৃথিবীর অসঙ্গতিই চরিত্রটিকে
দম্ভময় করে তুলেছে – ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসে শশী চরিত্রটি
বিশ্লেষণ করে মন্তব্যটির বিশেষত্ব নির্ণয় করো।

১৫

অথবা

‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসটি গভীর মনোজগতের মানস-লীলা-রহস্যের
প্রতিফলনে সংঘটিত। – কাহিনীর অনুযায়ী আলোচনা করো।

১৫

২. “জীবন, বিদ্রোহ, যা কিছু চলমান তার সত্যতা কোনো কালে কোনো দেশে
নেতার মৃত্যুতে শেষ হয় না। কালে কালান্তরে উত্তরাধিকারের ধারাপথে
অব্যাহত থাকে তার অগ্রগতি।” – ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের ঘটনাধারা
বিশ্লেষণ করে মন্তব্যটির সত্যতা বিচার করো।

১৫

অথবা

‘অরণ্যের অধিকার’ উপন্যাসে ধানীমুণ্ডা চরিত্রটি উপন্যাস-লেখিকার একটি
বিশিষ্ট অভিপ্রায়কেন্দ্রিক চরিত্র – আলোচনা করো।

১৫

৩. নিচীথের অতিপ্রাকৃত বিভীষিকাময় অভিজ্ঞতা দক্ষিণাচরণের নিজস্বসৃষ্টি বিষয় ১৫
 – ‘নিচীথে’ গল্লের দক্ষিণাচরণ চরিত্রটির প্রকৃতি বিশ্লেষণ করে মন্তব্যটির যথার্থ্য নির্ধারণ করো।

অথবা

“যথার্থ লিরিক, যে-মুষ্টিমেয় রবীন্দ্র-গল্লে গল্ল হয়ে উঠেছে, ‘একরাত্রি’ তার মধ্যে প্রধান” – এই লিরিকধর্মিতা গল্লাটির শিল্পধর্মকে কতখানি প্রভাবিত করেছে আলোচনা করো।

১৫

৪. ‘মেঘমল্লার’ গল্লের অতিলোকিক পারিপার্শ্বিকের মধ্যেই প্রদৃষ্ট চরিত্রের ১৫
 মানবিক দিকটি উন্মোচিত হয়েছে – আলোচনা করো।

অথবা

সামন্তপ্রভুর এক আদিম হিংস্র মানসিকতার বীভৎস রসকেন্দ্রিক গল্ল হ'ল
 ‘টোপ’ – এই মন্তব্যের আলোকে গল্লাটির শিল্পসার্থকতা বিচার করো।

১৫

৫. ‘অশ্মমেধের ঘোড়া’ গল্লাটি সম্পর্কে সমালোচকের মন্তব্য – “অস্ত্রির সময় ও ১৫
 আশ্রয়হীন মানুষের আত্মই এ গল্লের থীম” – বিষয়টি বিশদ করো।

অথবা

রংনু আধুনিক অবক্ষয়িত সমাজের একটি প্রতীকধর্মী চরিত্র – ‘স্টীলের চপ্প’
 গল্ল অবলম্বনে চরিত্রটির স্বরূপ বিশ্লেষণ করো।

১৫

৬. (ক) “এই তোমার উঠতি পসারের সময়, এখনই একটা বদনাম রটে গেলে –

১+১+৩

এও কি তোমায় বলে দিতে হবে।” – বক্তা কে ? কার উদ্দেশ্যে এই উক্তি ?

প্রসঙ্গ নির্দেশ করে বক্তার এই আশঙ্কার কারণ দেখাও।

অথবা

‘মানুষের অন্ধভক্তি ছাড়া বাঁচিয়া থাকিবার আর তো কোন অবলম্বন তাঁহার
 নাই।’ – উদ্দিষ্ট ব্যক্তিটি কে ? তাঁর এমন অবস্থার কারণ কি ?

১+৪

B.A./Part -III/Hons./BNGA-VI/2017

- (খ) “উলংগুলানের আগুনে জঙ্গল জুলে না, মানুষদের হৃদয় আর রক্ত জুলে” –
‘উলংগুলান’ বলতে কি বোঝানো হয়েছে ? উক্তির মূল ভাবটি সম্প্রসারিত
করো।

1+8

অথবা

“শুনহে মুগুরা ! বড় ভাল সময়ে এসেছ তোমরা। জেহেলে বসে-বসে আমি
শুধু ভেবেছি কেমন করে তোমাদের কোন্ পথে নিয়ে যাব। এখন পথ পেয়ে
গেছি।” – বক্তা কে? বক্তা-উল্লিখিত সেই পথের পরিচয় দাও।

1+8

- (গ) “তুমি আমাকে যাইতে দিয়ো না মা, আমার মতো দুটি বাহু বাড়াইয়া তুমিও
আমাকে ধরিয়া রাখো।” – এই আকৃতি কার ? প্রসঙ্গনির্দেশপূর্বক এই
আকৃতির অঙ্গনিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

1+8

অথবা

“সঙ্গীতে বনের পশ্চ বশ হয়, আজ বোধহয় আমার মেয়ের মন গলিয়াছে।” –
ভাবনাটি কার ? উদ্দিষ্ট চরিত্রটির একপ ভাবনার কারণ সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

1+8

- (ঘ) “তাঁহার উচ্চারিত মিথ্যা কথাগুলির বিনাশ কিন্তু অত সহজে ঘটিল না....”
কার দ্বারা উচ্চারিত ? মিথ্যা কথাগুলি কি ? এই মিথ্যার পরিণাম কি হয়েছিল ?

1+2+2

অথবা

“গুড় দিয়েই যদি মাছি মরে তবে আর তিত ওষুধ ব্যবহার করার দরকার
কি !” – বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ
করো।

1+8

- (ঙ) “যাই, ভুলুম না ভাই এই রাত্রের কথা। নসিবে থাকলে আবার তোমার লগে
মোলাকাত হইব।” – কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে ? বক্তার
'নসিবে' শেষপর্যন্ত কি ঘটেছিল ?

1+1+1+2

অথবা

B.A./Part -III/Hons./BNGA-VI/2017

“...সেই বিভেদবাদী লিডারদের সম্মান মর্যাদা দেওয়া হলো আর দেশের জন্যে
যারা প্রাণ দিল, তাদের দুধে পড়া মাহির মতন তুলে ফেলে দেওয়া হলো। ...
তুমি নিজেই নিজেকে এই প্রশ্ন করছ না কেন ?” – কার প্রতি কার এই
উক্তি? ‘বিভেদবাদী লিডার’ কাদের বলা হয়েছে? উক্তিটির মধ্যে বক্তা-
চরিত্রের কিরণ মানসিকতা প্রকাশিত হয়েছে?

1+1+1+2